দৈনিক ইত্তেফাক

তারিখ ... 27 FEB 2005 ... পৃষ্ঠা ৭ ... কলাম ৫

# ফলাফল বিপর্যয় ॥ রাঙ্গামাটির ৭ বেসরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের এমপিও বাতিল

রাঙ্গামাটি সংবাদদাতা ॥ জেলার ৫টি উপজেলার ৭টি বেসরকারী উচ্চ বিদ্যালয়ের শিক্ষকদের সরকারী এমপিও বাতিল করা হয়েছে। এসএসসি পরীক্ষায় পর পর দু'বছর বিদ্যালয়গুলোর ফলাফল বিপর্যয়ের কারণে শিক্ষা অধিদপ্তর এ শাস্তিমূলক ব্যবস্থা নিয়েছে। শিক্ষকদের এমপিও বাতিল হওয়া বিদ্যালয়গুলো হচ্ছে রাঙ্গামাটি সদর উপজেলা সাপছড়ি উচ্চ বিদ্যালয়, নানিয়াবচন উপজেলার মহাপুরুষ উচ্চ বিদ্যালয়, বরকল উপজেলার শুভলং উচ্চ বিদ্যালয় ও হাজছড়া উচ্চ বিদ্যালয়, কাউখালী উপজেলার ডাবুয়া বৃক্ষবানু ও হারেঙ্গী পাড়া উচ্চ বিদ্যালয়, বাঘাইছড়ি উপজেলার তুলাবান উচ্চ বিদ্যালয়। সূত্রে জানা গেছে, শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের আদেশ সম্বলিত পত্রে উল্লেখ করা হয়, বিদ্যালয়গুলোর শিক্ষার মান দীর্ঘদিন ধরে উন্নত না হওয়ার কারণে এবং এসএসসি পরীক্ষার ফলাফল পর পর দু'বছর ০ থেকে ১০ এর নিচে থাকায় শাস্তিমূলক ব্যবস্থা হিসেবে শিক্ষকদের এমপিও বাতিল করা হয়েছে। এমপিও বাতিল আদেশের পত্র স্ব-স্ব বিদ্যালয়ের প্রধান শিক্ষকদের কাছে প্রেরণ করা হয়েছে।